# 11 사과 다섯 개 주세요

## পাঁচটি আপেল দিন

**학습 안내**
পাঠ পরিচিতি

| | |
|---|---|
| □ পাঠের উদ্দেশ্য | দ্রব্য ক্রয় করা |
| □ ব্যাকরণ | 주세요, -아/어 주세요 |
| □ শব্দকোষ | ফল ও খাদ্য দ্রব্য, মুদ্রা ও দ্রব্য ক্রয় |
| □ তথ্য ও সংস্কৃতি | পোষাক পরিচ্ছদ |

## 대화 1 কথোপকথন ১

Track 37

এটি ফলের দোকানে সংঘটিত একটি কথোপকথন। থুয়ান দোকানদারকে আপেলের দাম জিজ্ঞেস করছে। প্রথমে কথোপকথনটি দুইবার শুনে পুনরাবৃত্তি করুন।

주인 어서 오세요.
স্বাগতম

투안 안녕하세요? 이 사과 얼마예요?
কেমন আছেন? এই আপেলটি কত?

주인 이천 원이에요.
২ হাজার উয়ন।

투안 다섯 개 주세요.
পাঁচটা দিন।

> **어서 오세요** স্বাগতম
> এটি দোকানে ক্রেতাকে স্বাগতম জানাতে ব্যবহৃত হয়।

> **원** উয়ন
> কোরিয়ান মুদ্রার একক '১০০ উয়ন'কে 'একশ উয়ন [ভেগ উয়ন]', '১,০০০ উয়ন'কে 'এক হাজার উয়ন [ছন উয়ন]', '১০,০০০ উয়ন'কে 'দশ হাযার উয়ন [মান উয়ন', '১০০,০০০ উয়ন [শিব মান উয়ন]' বলা হয়ে থাকে।

শুনে পুনরাবৃত্তি করেছেন? তাহলে নিচের প্রশ্নগুলির উত্তর দিন।

1. 사과가 얼마예요? ১। আপেল কত করে?
2. 투안 씨는 사과를 몇 개 샀어요? থুয়ান কয়টা আপেল কিনেছে?

정답 1. 이천 원이에요. 2. 다섯 개 샀어요.

### Tip 단위 명사 1 গণনার একক ১

대상에 따라서 세는 단위 명사가 달라집니다. কি বা কাকে গণনা করা হচ্ছে তার উপর নির্ভর করে ভিন্ন ভিন্ন গণনা একক ব্যবহৃত হয়।









- 사과, 오렌지, 우유 : 개 (한 개, 두 개, 세 개, …) আপেল, কমলা, দুধ গণনা করতে 'টি [গ্যা]' ব্যবহৃত হয় (একটি [হান গ্যা], দুইটি [দু গ্যা], তিনটি [সে গ্যা],...)
- 포도, 바나나, 꽃 : 송이 (한 송이, 두 송이, 세 송이, … ) আঙ্গুর, কলা, ফুল গণনা করতে 'গুচ্ছ/ফনা [সোংই]' ব্যবহৃত হয় (এক গুচ্ছ [হান সোংই], দুই গুচ্ছ [দু সোংই], তিন গুচ্ছ [সে সোংই],...)
- 수박, 배추 : 통 (한 통, 두 통, 세 통, … ) তরমুজ, বাধাকপি গণনা করতে 'টি [থোং]' ব্যবহৃত হয় (একটি [হান থোং], দুইটি [দু থোং], তিনটি [সে থোং],...)
- 물, 맥주 : 병 (한 병, 두 병, … ) পানি, বিয়ার গণনা করতে 'বোতল [বিয়ং]' ব্যবহৃত হয় (এক বোতল [হান বিয়ং], দুই বোতল [দু বিয়ং],...)
- 커피, 주스 : 잔 (한 잔, 두 잔, … ) কফি, জুস গণনা করতে 'গ্লাস [যান]' ব্যবহৃত হয় (এক কাপ/গ্লাস [হান যান], দুই গ্লাস [দু যান],...)
- 밥, 국, 반찬: 그릇 (한 그릇 , 두 그릇, …) ভাত, স্যুপ, সাইড ডিস গণনা করতে 'বাটি [গুরুত]' ব্যবহৃত হয় (এক বাটি [হান গুরুত], দুই বাটি [দু গুরুত],...)



## 어휘 1 শব্দকোষ ১ | 과일과 식료품 ফলমূল ও মুদি দ্রব্য






কোন ফল আর পানিয় পছন্দ করেন? ফলমূল, পানীয় ও মুদি দ্রব্য সম্পর্কিত শব্দার্থ শিখি?

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| 사과<br>আপেল | 오렌지<br>কমলা | 포도<br>আঙ্গুর | 수박<br>তরমুজ |
|  |  |  |  |
| 물<br>পানি | 주스<br>জুস | 우유<br>দুধ | 빵<br>রুটি |
|  |  |  |  |
| 라면<br>নুডলস | 과자<br>বিস্কুট | 초콜릿<br>চকলেট | 아이스크림<br>আইস্ক্রিম [মালাই বরফ] |



উপরের শব্দার্থ গুলো না দেখে প্রশ্নোত্তর দিন।

1. 그림을 보고 알맞은 단어를 연결하세요. ছবি দেখে সঠিক শব্দের সাথে রেখা টানুন

①   ②   ③   ④ 

㉠ 물  ㉡ 빵  ㉢ 사과  ㉣ 포도

정답 ①㉢ ②㉣ ③㉠ ④㉡

## 문법 1 ব্যাকরন ১ | 주세요

G11-1

বস্তুবাচক বিশেষ্য'র পেছেন যুক্ত হয়ে সে বস্তুটি দিতে অনুরোধ করা বা নির্দেশ দেয়া বুঝায়। কোনো কিছু কেনার সময় প্রায়শ ব্যবহৃত হয়।

· 가: 뭘 드릴까요? কি দিব?
  나: 커피 두 잔 **주세요**. দয়াকরে দুই কাপ কফি দিন।
· 가: 오렌지 얼마예요? কমলার দাম কত?
  나: 한 개에 천 원이에요. একটা এক হাজার উয়ন।
  가: 그럼, 오렌지 다섯 개 **주세요**. তাহলে, দয়াকরে পাঁচটি কমলা দিন।



'주세요' এর ব্যবহার বুঝেছেন? তাহলে <উদাহরণ>এর মত করে কথোপকথন সম্পূর্ণ করুন।

### 2. 그림을 보고 〈보기〉처럼 문장을 완성하세요.

ছবি দেখে <উদাহরন>এর মত করে বাক্য রচনা সম্পূর্ণ করুন।

보기




가: 뭘 드릴까요? কি দিব?
나: <u>사과 다섯 개 주세요.</u> দয়াকরে পাঁচটি আপেল দিন।

1) 

가: 뭘 드릴까요?
나: ______________________.

2) 

가: 뭘 드릴까요?
나: ______________________.

3) 

가: 뭘 드릴까요?
나: ______________________.

4) 

가: 뭘 드릴까요?
나: ______________________.

정답 1) 사과 두 개 주세요 2) 오렌지 두 개 주세요 3) 빵 네 개 주세요 4) 우유 한 개 주세요

## 유용한 표현 ব্যবহারিক অভিব্যক্তি

### 주말 잘 지내셨어요? সাপ্তাহিক ছুটির দিন ভালো কেটেছে?

가: **주말 잘 지내셨어요?** সাপ্তাহিক ছুটির দিন ভালো কেটেছে?
나: 네, 고향 친구를 만나서 재미있게 놀았어요. হ্যাঁ, আমার দেশের এক বন্ধুর সাথে দেখা করে অনেক মজা করেছি।

## 대화 2 কথোপকথন ২

Track 38

এটি জুতার দোকানের একটি কথোপকথন। রিহান কত দিয়ে কেডস কিনেছে? প্রথমে কথোপকথনটি দুইবার শুনে অনুকরণ করুন।

리한 사장님, 이 운동화 얼마예요?
দোকানদার ভাই, এই কেডস কত করে?

주인 오만 오천 원이에요.
পঞ্চান্ন হাজার উয়ন।

리한 오만 오천 원요? 좀 비싸요.
পঞ্চান্ন হাজার উয়ন? দামটা একটু বেশি।
깎아 주세요.
একটু কমিয়ে দিন।

주인 그래요? 알았어요. 오만 원 주세요.
তাই? আচ্ছা। পঞ্চাশ হাজার উয়ন দিন।

**그래요?** তাই?
অন্য কারো কথায় অনুভূতি প্রবণ হয়ে গেলে বা অল্প চমকে উঠলে ব্যবহৃত হয়।
- 가: 오늘 저녁에 회식이 있습니다.
  আজকে সন্ধ্যায় অফিসের সবাই একসাথে খেতে যাবে।
  나: 그래요? 저는 약속이 있어요.
  তাই? আমার আরেকটা এপয়েন্টম্যান্ট আছে।

**좀** একটু
কোরিয়ান ভাষায় একটু প্রকাশ করতে 'জোগম/জোম' উভয়েই ব্যবহৃত হয়। তবে ভাব প্রকাশে 'জোম' এর ব্যবহার 'জোগুম' থেকে একটু ভিন্নভাবেও ব্যবহৃত হয় যেমন অন্যকে অনুরোধ জানাতে বা অনুমতি চাইতে বা নমনীয় করে কিছু বলতে 'জোম' ব্যবহৃত হয়।
- 동생은 키가 좀 작아요.
  ছোট ভাইয়ের উচ্চতা একটু কম।
- 빵하고 우유 좀 주세요.
  রুটি আর দুধটা একটু দিন।

ঠিকমত শুনে পুনরাবৃত্তি করেছেন? তাহলে নিচের প্রশ্নগুলির উত্তর দিন।

1. 이 운동화는 얼마예요? এই কেডসের দাম কত?
2. 리한 씨는 얼마를 주고 샀어요? রিহান কত দিয়ে কিনেছে?

정답 1. 오만 오천 원이에요. 2. 오만 원을 주고 샀어요.

### Tip 단위 명사 2 গণনার একক ২

- 정장, 한복: 벌 (한 벌, 두 벌, 세 벌, …) পোশাক, কোরিয়ান ঐতিহ্যবাহী পোশাক গণনা করতে 'টি [বল]' ব্যবহৃত হয় (একটি [হান বল], দুইটি [দু বল]',...)
- 운동화, 장갑, 양말 : 켤레 (한 켤레, 두 켤레, 세 켤레, …) কেডস, গ্লাভস, মুজা গণনা করতে 'জোরা [গিয়ল্লে]' ব্যবহৃত হয় (এক জোরা [হান গিয়ল্লে], দুই জোরা [দু গিয়ল্লে],...)
- 텔레비전, 냉장고, 자동차 : 대 (한 대, 두 대, 세 대, …) টেলিভিশন, ফ্রিজ, গাড়ি গণনা করতে 'টি [দে]' ব্যবহৃত হয় (একটি [হান দে], দুইটি [দু দে], তিনটি [সে দে],...)
- 사람, 어린이, 학생, 친구: 명 (한 명, 두 명, 세 명, …) মানুষ, বাচ্চা, ছাত্র, বন্ধু গণনার জন্য 'জন [মিয়ং]' ব্যবহৃত হয় (একজন [হান মিয়ং], দুইজন [দু মিয়ং], তিনজন [সে মিয়ং],...)
- 할아버지, 할머니, 손님: 분 (한 분, 두 분, 세 분, …)দাদা, দাদি, ক্রেতা গণনা করতে 'জন [বুন]' ব্যবহার করা হয় (একজন (হান বুন], দুইজন [দু বুন], তিনজন [সে বুন],...)
- 고양이, 강아지, 생선 : 마리 (한 마리, 두 마리, 세 마리, …) বিড়াল, কুকুর, মাছ গণনা করতে 'টি [মারি]' ব্যবহৃত হয় (একটি [হান মারি], দুইটি [দু মারি], তিনটি [সে মারি],...)

এছাড়াও ছবি, ডাক টিকিট, কার্ড, টিকিট গণনা করতে গণনা বাচক বিশেষ্য 'টি [যাং]', খাতা, অভিধান, ম্যাগাজিন গণনা করতে গণনা বাচক বিশেষ্য 'টি [গুঅন]' ব্যবহৃত হয়। এবং পেন্সিলের জন্য গণনা বাচক বিশেষ্য 'টি [যারু]', গাছের জন্য গণনা বাচক বিশেষ্য 'টি [গুরু]' ব্যবহৃত হয়।

## 어휘 2 শব্দকোষ ২ | 화폐와 물품 구매 মুদ্রা ও দ্রব্যাদি ক্রয়



দ্রব্য কেনার সময় কি ব্যবহার করেন? আসুন দেখি কেনা-কাটার সময় কিভাবে ভাব প্রকাশ করা হয়।




돈(현금)
টাকা (নগদ টাকা)




동전
পয়সা



지폐
কাগুজে মুদ্রা




신용카드
ক্রেডিট কার্ড




값(가격)
দাম




싸다
সস্তা




비싸다
দামি



(값을) 깎다
(দাম) কমানো



넣다
রাখা



싸다(포장하다)
প্যাকেট করা



바꾸다(교환하다)
পরিবর্তন করা



환불하다
ক্রিত কোন জিনিস ফেরত দিয়ে টাকা ফেরত গ্রহণ





উপরে যে শব্দার্থ শিখা হয়েছে সেগুলো আরও একবার চিন্তা করে প্রশ্নোত্তর দিন।

1. 그림을 보고 알맞은 단어를 연결하세요. ছবি দেখে সঠিক শব্দের সাথে সংযোগ করুন।

① 

② 

③ 

④ 

㉠ 값 ㉡ 동전 ㉢ 지폐 ㉣ 신용카드

정답 ① ㉡ ② ㉢ ③ ㉣ ④ ㉠

## 문법 2 ব্যাকরণ ২ | -아/어 주세요

G11-2

ক্রিয়াপদের পেছনে যুক্ত হয়ে কাউকে সেই ক্রিয়া বা কাজটি করার অনুরোধ বা নম্রতার সাথে আদেশ করা বুঝায়।

| ㅏ, ㅗ → **-아 주세요** | ㅓ, ㅜ, ㅣ ইত্যাদি → **-어 주세요** | 하다 → **해 주세요** |
|---|---|---|
| 오다 → **와 주세요** | 읽다 → 읽**어 주세요** | 요리하다 → 요리**해 주세요** |

আমি অন্যকে সাহায্য করার ইচ্ছা পোষণ করলে '-아/어 드릴까요? ব্যবহৃত করতে হয়। এ সময় সে ব্যক্তি '-아/어 주세요.' দিয়ে উত্তর দিবে।

- 너무 더워요. 창문을 좀 **열어 주세요**. অনেক গরম। জানালাটা একটু খুলে দিন।
- 이 빵을 봉투에 좀 **넣어 주세요**. এই রুটিটি একটু প্যাকেটে ঢুকিয় দিন।
- 가: 가방을 들어 드릴까요? ব্যাগটি আমি বহন করি?
  나: 네, **들어 주세요**. 고맙습니다. আচ্ছা, একটু নিন। ধন্যবাদ।



অনুরোধ বাচক '-아/어 주세요' এর ব্যাবহার বুঝতে পেরেছেন?
ছবি দেখে <উদাহরন>-এর মত করে বাক্য রচনা সম্পূর্ণ করুন।

2. 〈보기〉처럼 '-아/어 주세요'를 사용해서 문장을 완성하세요.
<উদাহরণ> এর মত করে '-아/어 주세요'কে ব্যাবহার করে বাক্য রচনা সম্পূর্ণ করুন।

**보기** 운동화를 환불하다 → 운동화를 환불해 주세요.
কেডস ফেরত দিয়ে টাকা ফেরত নেয়া → কেডস ফেরত নিয়ে টাকা ফেরত দিন।

1) 봉투에 넣다 → 봉투에 ______________.
2) 이 빵을 포장하다 → 이 빵을 ______________.
3) 이 우유를 바꾸다 → 이 우유를 ______________.
4) 아침에 전화하다 → 아침에 ______________.
5) 음식을 만들다 → 음식을 ______________.

**정답** 1) 넣어 주세요 2) 포장해 주세요 3) 바꿔 주세요 4) 전화해 주세요 5) 만들어 주세요

## 활동 অ্যাক্টিভিটি

〈보기〉처럼 친구와 이야기해 보세요.
<উদাহরণ> এর মত করে বন্ধুর সাথে কথোপকথন করুন।

**보기**

주인: 어서 오세요. স্বাগতম।
손님: 사과 있어요? আপেল আছে?
주인: 네, 있어요. জি, আছে।
손님: 얼마예요? কত দাম?
주인: 천 원이에요. এক হাজার উয়ন।
손님: 다섯 개 주세요. দয়াকরে পাঁচটা দিন।



<উদাহরন>এর কথোপকথন বুঝতে পেরেছেন? তাহলে, নিচের প্রশ্নের উত্তর দিন।

## 퀴즈 কুইজ

✚ 알맞은 말에 ✔하세요. সঠিক উত্তরে ✔ দাও।

(1) 무엇을 샀어요?
কি কিনেছেন?
☐ 수박
☐ 사과

(2) 한 개에 얼마예요?
একটার দাম কত?
☐ 1,000원
☐ 2,000원

(3) 몇 개를 샀어요?
কয়টা কিনেছেন?
☐ 4개
☐ 5개

정답 (1) 사과 (2) 1,000원 (3) 5개

## 정보 তথ্য

# 의류
বস্ত্র


치마
স্কার্ট


바지
প্যান্ট



티셔츠
টি সার্ট


잠바
জাম্পার

입다 পরিধান করা


운동화
কেডস


구두
জুতা



슬리퍼
স্লিপার


장화
বৃষ্টির জুতা

신다 পরিধান করা


양말
মুজা
신다
পরিধান করা


장갑
হাত মোজা
끼다
পরিধান করা


목도리
মাফলার
하다
করা


모자
টুপি
쓰다
পরিধান করা


넥타이
টাই
매다
বাধা


가방
ব্যাগ
메다
বহন করা


안경
চশমা
쓰다
পরিধান করা


선글라스
সান গ্লাস
쓰다
পরিধান করা

# EPS-TOPIK 듣기 EPS-TOPIK লিসেনিং





১নং এবং ২নং-এর ফলমূল ও খাদ্যদ্রব্যের শব্দ চয়ন সম্পর্কিত প্রশ্ন। ৩নং-এ নুডলসের পরিমান জিজ্ঞাসা সম্পর্কিত প্রশ্ন। ভালো করে শুনে সঠিক ছবিটি বাছাই করুন।


[1~3] 잘 듣고 내용과 관계있는 그림을 고르십시오.

ভালো করে শুনে বিষয়বস্তুর সাথে সম্পর্কিত ছবিটি বাছাই করুন।

Track 39

1. ①  ②  ③  ④ 

2. ①  ②  ③  ④ 

3. ①  ②  ③  ④ 



নিচের প্রশ্নের সঠিক উত্তরটি বাছাই কর। প্রশ্ন শুনার আগে উত্তরগুলোর বিষয়বস্তু ভালো করে দেখে নিন।

[4~5] 질문을 듣고 알맞은 대답을 고르십시오.

প্রশ্ন শুনে সঠিক উত্তরটি বাছাই করুন।

4. ① 사과예요. ② 5개 주세요.
③ 1,000원이에요. ④ 사과가 많아요.

5. ① 우유예요. ② 우유 주세요.
③ 여기 있어요. ④ 여기에서 마셔요.



## 듣기 대본 লিসেনিং স্ক্রিপ্ট


1. 남: 수박 তরমুজ
2. 여: 물 পানি
3. 남: 라면 두 개 নুডলস ২ টি
4. 여: 이 사과 얼마예요? এই আপেলটির দাম কত?
5. 남: 뭘 드릴까요? কি দিব?


정답 1. ④ 2. ① 3. ② 4. ③ 5. ②

## 확장 연습 বর্ধিত অনুশীলন


L-11

1. 잘 듣고 내용과 관계있는 그림을 고르십시오.
ভালো করে শুনে বিষয়বস্তুর সাথে সম্পর্কিত ছবিটি বাছাই কর।

① 

② 

③ 

④ 

2. 질문을 듣고 알맞은 대답을 고르십시오.
প্রশ্ন শুনে সঠিক উত্তরটি বাছাই করুন।

① 조금 매워요. ② 라면 주세요.

③ 저쪽에 앉아요. ④ 식당에서 먹어요.

## 확장 연습 듣기 대본 বর্ধিত অনুশীলনের লিসেনিং স্ক্রিপ্ট

1. 남: 장갑 세 켤레 주세요. দয়াকরে ৩ জোড়া হাত মোজা দিন।
2. 남: 뭐 드릴까요? কি দিব?

정답 1. ① 2. ②

# EPS-TOPIK 읽기 EPS-TOPIK রিডিং



১ নং মুদ্রা সম্পর্কিত শব্দ বাছাই করার প্রশ্ন এবং ২ নং ফলমূল সম্পর্কিত শব্দ বাছাই করার প্রশ্ন। এবং ৩নং দাম দেখে সঠিক অনুভূতি বাছাই করার প্রশ্ন।

[1~3] 다음 그림을 보고 맞는 단어나 문장을 고르십시오.
নিচের ছবি দেখে ঠিক শব্দ বা বাক্য বাছাই করুন।

1.




① 돈 ② 물
③ 주스 ④ 카드

2.



① 포도 ② 수박
③ 사과 ④ 오렌지

3.



① 싸요. ② 비싸요.
③ 있어요. ④ 없어요.



নিচে জিনিস কিনতে ব্যবহৃত অভিব্যাক্তি বাছাই করার প্রশ্ন। এই অধ্যায়ে পাঠকৃত বিষয়বস্তু চিন্তা করে প্রশ্নোত্তর দিন।

[4~5] 빈칸에 들어갈 가장 알맞은 것을 고르십시오.
শূন্যস্থানের জন্য সঠিক শব্দ বাছাই করুন।

4.
가: 이 오렌지 ________________예요? এই কমলা কত?
나: 이천 원이에요. দুই হাজার ওন।

① 얼마 ② 누구 ③ 어디 ④ 언제

5.
가: 이 운동화는 오만 오천 원이에요. এই কেডসটি পঞ্চান্ন হাজার উয়ন।
나: 좀 비싸요. ________________. একটু দাম বেশি। কমিয়ে দাও।
가: 알았어요. 오만 원 주세요. বুঝেছি। পঞ্চাশ হাজার ওন দাও।

① 넣어 주세요 ② 바꿔 주세요 ③ 깎아 주세요 ④ 포장해 주세요

정답 1. ① 2. ③ 3. ② 4. ① 5. ③



## 확장 연습 বর্ধিত অনুশীলন

[1~3] 다음 그림을 보고 맞는 표현을 고르십시오.
নিচের ছবি দেখে ঠিক অভিব্যক্তি বাছাই করুন।

1.



① 안경　　② 목도리
③ 양말　　④ 티셔츠

2.



① 구두　　② 슬리퍼
③ 장화　　④ 운동화

3.



① 넥타이를 매요.　　② 넥타이를 신어요.
③ 넥타이를 써요.　　④ 넥타이를 입어요.

[4~6] 빈칸에 들어갈 가장 알맞은 것을 고르십시오.
শূন্যস্থানের জন্য সঠিক শব্দ বাছাই করুন।

4.

가: 이 빵은 얼마예요? এই রুটিটির দাম কত?
나: ____________________.

① 열 개 있어요.　　② 천 원이에요.
③ 우유도 있어요.　　④ 빵이 맛있어요.

5.

가: 뭘 드릴까요? কি দিব?
나: ____________________.

① 환불해 주세요.　　② 좀 깎아 주세요.
③ 사과 네 개 주세요.　　④ 봉투에 넣어 주세요.

6.

가: 그 과자는 어디에서 샀어요? এই বিস্কিট কোথা থেকে কিনেছেন?
나: ____________________.

① 어제 샀어요.　　② 한 개 샀어요.
③ 현금으로 샀어요.　　④ 마트에서 샀어요.

정답 1. ① 2. ④ 3. ① 4. ② 5. ③ 6. ④